

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৫৬

২/ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২/২২. দু' মোজার উপর মাসহ করা

المسح على الخفين

## আরবী

حَدِيْثُ حُذَيْفَةَ قَالَ رَأَيْتُنِي أَنَا وَالنَّبِيُّ صلى الله عليه وسلم نَتَمَاشَى فَأْتَى سُبَاطَةَ قَوْمٍ خَلْفَ حَائِطٍ فَقَامَ كَمَا يَقُومُ أَحَدُكُمْ فَبَالَ فَانْتَبَذْتُ مِنْهُ فَأَشَارَ إِلَيَّ فَجِئِثُهُ فَقُمْتُ عِنْدَ عَقِبِهِ حَتَّى فَرَغَ

## বাংলা

১৫৬. হুযায়ফাহ (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমার স্মরণ আছে যে, একদা আমি ও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক সাথে চলছিলাম। তিনি দেয়ালের পিছনে মহল্লার একটি আবর্জনা ফেলার জায়গায় এলেন। অতঃপর তোমাদের কেউ যেভাবে দাঁড়ায় সে ভাবে দাঁড়িয়ে তিনি পেশাব করলেন। এ সময় আমি তাঁর নিকট হতে সরে যাচ্ছিলাম কিন্তু তিনি আমাকে ইঞ্চিত করলেন। আমি এসে তাঁর পেশাব করা শেষ না হওয়া পর্যন্ত তাঁর পিছনে দাঁড়িয়ে রইলাম।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৪: উয়ু, অধ্যায় ৬১, হাঃ ২২৫; মুসলিম, পর্ব ২: পবিত্রতা, অধ্যায় ২২, হাঃ ২৭৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন